



জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ৭৭৯১০৪৫-৫১



প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

যথাযোগ্য মর্যাদায় স্বাধীনতা ও জাতীয় দিবস পালিত

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ২৬ মার্চ ২০২১।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে যথাযোগ্য মর্যাদায় আজ স্বাধীনতা ও জাতীয় দিবস পালিত হয়েছে। সকালে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলামের পক্ষে সাভারে জাতীয় স্মৃতিসৌধে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়। বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), হল প্রাধ্যক্ষ, ভারপ্রাপ্ত প্রক্টর, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ উপাচার্যের পক্ষে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন। উপাচার্যের শ্রদ্ধা নিবেদনের পর শিক্ষক সমিতি, অফিসার সমিতি, মহিলা ক্লাব ও বিভিন্ন হলের পক্ষ থেকে জাতীয় স্মৃতিসৌধে শ্রদ্ধা নিবেদন করা হয়। এর আগে সূর্যোদয়ের সময় প্রশাসনিক ভবনে ভারপ্রাপ্ত রেজিস্ট্রার রহিমা কানিজ জাতীয় পতাকা এবং ইতিহাস বিভাগের অধ্যাপক ড. এটিএম আতিকুর রহমান বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন করেন। স্বাধীনতা দিবস উপলক্ষে প্রশাসন ভবন, হল সমূহ ও বিভিন্ন গেইটসহ ক্যাম্পাসের বিভিন্ন স্থানে আলোকসজ্জা করা হয়েছে।

Signature

মো. আবদুস সালাম মিয়া
পরিচালক (ভারপ্রাপ্ত)

